

- ৫। বাবুরাম বাবুর স্তৰী এবং তাঁর সন্তানদের নিয়ে গড়ে ওঠা আখ্যানে উনিশ শতকের প্রথমার্ধের শিশুশিক্ষা ও নারীশিক্ষার যে বয়ান প্যারাইচাঁদের হাতে তৈরি হয়েছে তার পরিচয় দাও।
- ৬। কলকাতার চড়ক পার্বণের পটভূমি হিসেবে যে কালপর্বের কথা হৃতোম বলেন তা কেন এবং কীভাবে ‘কলিকাতার চড়ক পার্বণ’ আখ্যানটি পড়ার জন্য অনিবার্য হয়ে ওঠে তা প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

- ৭। ‘কলিকাতার বারোইয়ারি পূজা’ আখ্যানটিতে দুর্গাপূজাকে কেন্দ্র করে উনিশ শতকের কলকাতার যে সামাজিক চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.২

বাংলা বিতর্কের গদ্য ও নকশা (সমাজ ও ভাষা)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নীচের যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। রামমোহন এবং বিদ্যাসাগর শাস্ত্ৰীয় যুক্তিগুলিকে যেভাবে ব্যবহার করেছেন তা বস্তুত শাস্ত্রপাঠের প্রচলিত ধরনের ভিতরে একরকমের অন্তর্ধাত। এ কথা কি তুমি মানবে? যুক্তিসহ বুঝিয়ে লেখো।

অথবা

- ২। শুধুমাত্র পাণ্ডিত্য নয়, তার সঙ্গে প্রবল হৃদয়বন্তার সমন্বয়েই বিদ্যাসাগরের তর্কপ্রস্তুতি উজ্জ্বল হয়ে থাকে। এ বিষয়ে তোমার মতামত দাও।

- ৩। রামমোহন রায়ের ‘সহমরণ বিষয়ক প্রবর্তক ও নির্বর্তকের সংবাদ’ অনুসরণে সতীদাহ-র পক্ষে বর্ণিত চারটে ‘যুক্তি’-র উল্লেখ করো এবং রামমোহন রায় সেই ‘যুক্তি’গুলির মোকাবিলা কেমনভাবে করেছিলেন, তা নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

- ৪। উনিশ শতকে নীতিশিক্ষাধর্মী জনপ্রিয় আখ্যানের প্রভাব ‘আলালের ঘরের দুলাল’ গ্রন্থটিকে যথাযথ উপন্যাস হয়ে উঠতে দেয়নি। মন্তব্যটির পক্ষে অথবা বিপক্ষে তোমার মতামত লেখো।

অথবা